

সাথে চলা

যীশু (বর) কিভাবে মন্দলীর (কনে) সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হবেন?

সম্পূর্ণ পূর্ণতা, পরিত্রাতা, এবং অখণ্ডতার সাথে! মেমের এই বিবাহ ভোজ হবে সমগ্র বিশ্ব-বৃক্ষান্ডের মধ্যে জাক্যমকপূর্ণ এবং গৌরবময় উদযাপন! এই বিবাহের দ্বারা ঈশ্বরের মেষ-শাবক ও মন্দলী চিরকালের জন্য এক হবে। এখন শ্রীষ্টের দেহ সম্পূর্ণরূপে যীশুর সাথে বাগদত্তা, কিন্তু প্রকাশিত ১৯ পদে, আমরা বিবাহ উদযাপনের একটি আভাস পাই।

মূল শব্দ

Tוֹךְ and Eἷς

echad (Heb.) eis (Gk.) = এক, পরিপূর্ণ একজ

“পরে আমি বৃহৎ লোকারণ্যের রব ও বহু জলের কল্পেল ও প্রবল মেঘ গর্জনের ন্যায় এই বাণী শুনিলাম, হাল্লেলুয়া, কেননা আমাদের ঈশ্বর প্রভু, যিনি সর্বশক্তিমান, তিনি রাজত্ব গ্রহণ করিলেন।” আইস, আমরা আনন্দ ও উল্লাস করি, এবং তাহাকে গৌরব প্রদান করি, কারণ মেষশাবকের বিবাহ উপস্থিত হইল, এবং তাহার ভার্যা আপনাকে প্রস্তুত করিল। “আর ইহাকে এই বর দন্ত হইল যে, সে উজ্জল ও শুচি মসীনা বন্তে আপনাকে সজ্জিত করে, কারণ সেই মসীনা বন্তে পরিত্রিগণের ধর্মাচরণ।” পরে তিনি আমাকে কহিলেন তুমি লিখ, ধন্য তাহারা যাহারা মেষশাবকের বিবাহভোজে নিমন্ত্রিত।

কত পূর্ব থেকে বাগদত্তা?

এই ব্যক্তিগত প্রশ্নটি বিবেচনা করুন... আপনি যদি বিবাহিত হন, তাহলে কত আগে থেকে আপনি বাগদত্ত ছিলেন? যদি আপনি এখনো বিবাহিত না হন, তবে আপনি আপনার সম্পর্ক কত সময় স্থায়ী হওয়ার জন্য আশা করেন? ১ সপ্তাহ, ৬ মাস, ২ বছর? এবার যীশুর কথা চিন্তা করুন। সবথেকে ধৈর্যশীল এবং শক্তিমান বর যিনি তার সর্বাধিক ভালোবাসার বাগদত্তার সাথে ২০০০ বছরেরও বেশী সময় ধরে অপেক্ষা করছেন এবং এখনো করছেন!

কনে... তৈরি এবং পাপমুক্ত

প্রকাশিত ১৯:৭ পদে বলে, “আর তাহার ভার্যা আপনাকে সজ্জিত করিলেন।” চিরকালের পরিবারে, কনে তার কর্তব্য পালন সম্পন্ন করেছেন, তার বরের মতোই (যোহন ১৪)। যীশু তার প্রতিজ্ঞা পালন করেছেন। তিনি স্থান প্রস্তুত করতে গিয়েছিলেন, আবার ফিরে এসেছেন (যোহন ১৪)। তেমনি কনেও তার প্রতিজ্ঞা পালন করেছেন, এবং “নিজেকে সজ্জিত” করেছেন, মন্দলীকে তার করণীয় পালন করেছেন, সমস্ত জাতির কাছে তার রাজ্যের ঘোষণা করেছেন। তার বিবাহের পোশাকে তার সকল ভাল কাজের প্রমাণ খোচিত হয়েছে। প্রকাশিত ১৯:৮ পদে, “তাকে শুচি মসীনা বন্তে দন্ত হইয়াছে (মসীনা বন্তে ঈশ্বরের ধার্মিক ব্যক্তিদের প্রতীক)” কনে আক্ষরিক অর্থেই শুচিকর্ম তার পোশাক হিসেবে পরিধান করে। যীশু অনন্তকাল পর্যন্ত তার কনের এই ধার্মিকতার চিহ্নগুলো দেখিবেন এবং মনে রাখবেন।

“মিলিত” হওয়া

সমস্ত মন্দলী (নারী পুরুষ উভয়ের সমষ্টিতে গঠিত) যীশুর সাথে তার কনে হিসেবে মিলিত হবে। আমরা তার এক হওয়ার প্রার্থনা পূরণ করব (যোহন ১৭:২৩)। আমরাও “এক” হব, যেমন পিতা ও পুত্র “এক।” যদিও এখানে মেমের বিবাহ নিয়ে বৃহৎ রহস্য রয়েছে, তবু আমরা নিশ্চিত থাকতে পারি যে, যীশুর মিলিত হতে চাওয়ার আকাঞ্চা পূর্ণ হবে। আদি ২:২৩ পদে বলে, নারী ও পুরুষ “এক দেহ” হইল। দ্বিতীয় বিবরণ ৬:৪(শেমা) পদেও একই শব্দ ব্যবহার করা হয়েছে: “*ইশায়েল, শেন, প্রভু আমাদের ঈশ্বর, তিনি এক ও অনন্য*” (echad হিক্তে এবং eis সেপ্টুয়াজিন্ট LXX). যীশু আরও প্রার্থনা করেছেন “সম্পূর্ণ মিলনের” জন্য এবং মন্দলীর একতার জন্য। (Eἷς ἐν/eis en যোহন ১৭:২১). যীশু একতা বোঝাতে মন্দলীতে শেমার মতো একই শব্দ ব্যবহার করেছেন। এক এর অর্থ সমতুল্য বা একক নয়, বরং মিলিত হওয়া।

যীশু মন্দলীকে “এক” করতে চান। আমরা “এক” হব!

উপসংহার

বর্গে সংগঠিত একমাত্র বিবাহ হল যীশু এবং মন্দলীর মধ্যকার (ইফিয়ীয় ৫:৩১-৩২, লুক ২০:২৭-৪০)। মানুষ ঈশ্বর হয়ে ওঠে না, তবুও মিলনের জন্য যীশুর প্রার্থনা সফল হবে। কি এক বিশ্বায়কর রহস্য যা এখনো উন্মোচনের অপেক্ষায় আছে! (শব্দ অর্থয়ন: echad, mia, en, eis

<https://www.blueletterbible.org/lexicon/g1520/niv/mgnt/0-1/>

৪ টি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি ঈশ্বর সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?